

Bengali: Easy-to-Read Version

Language: বাংলা (Bengali)

Provided by: Bible League International.

Copyright and Permission to Copy

Taken from the Bengali: Easy-to-Read Version © 2001, 2016 by Bible League International.

PDF generated on 2017-08-25 from source files dated 2017-08-25.

9c530795-7893-5768-8bb6-58791486713d

ISBN: 978-1-5313-1309-8

যোহনের

তৃতীয় পত্র

১ আমার পিয়র বন্ধু গায়েরকে, যাকে আমি সত্যে ভালবাসি, তার প্রতি এই পুরাচীনের পত্র।

২ পিয়র বন্ধু, আমি জানি তুমি আত্মিকভাবে ভাল আছ; আর তাই আমি প্রার্থনা করি যেন তোমার সবকিছু ভালভাবে চলে এবং তুমি সুস্থ থাক। ৩ আমি খুব খুশী হলাম, কারণ আমাদের ভাইদের মধ্যে কয়েকজন এসে, তুমি যে সত্য ধরে রয়েছে ও যে সত্য পথে চলেছে সে বিষয়ে জানাল। ৪ আমার সন্তানরা যে সত্যের পথে চলছে, এই খবর শুনে আমার যে আনন্দ হয়, এর থেকে বেশী আনন্দ আমার আর কিছুতে হয় না।

৫ পিয়র বন্ধু, আমাদের ভাইদের, এমন কি যারা অপরিচিত, তাদের সকলকে তুমি যে সাহায্য করে থাক এ অতি উত্তম। ৬ তাঁদের প্রতি তোমার ভালবাসার কথা তাঁরা এখনকার মণ্ডলীর সকলকে বলেছেন। তাঁদের যাত্রা পথে সাহায্য করলে তুমি ভালোই করবে। এমনভাবে সাহায্য করো যেন ঈশ্বর খুশী হন, ৭ কারণ তাঁরা খ্রীষ্টের পরিচর্যার উদ্দেশ্যেই যাত্রা শুরু করেছেন; আর তাঁরা এর জন্য যারা খ্রীষ্ট বিশ্বাসী নয় তাদের কাছ থেকে কিছুই গ্রহণ করেন না। ৮ তাই এই ধরণের লোকদের সাহায্য করতে আমরা বাধ্য, যেন আমরা সত্যের পক্ষে সহকর্মীরূপে কাজ করি।

৯ আমি মণ্ডলীকে চিঠি লিখলাম; কিন্তু সেই দিয়তিরফি, যে তাদের নেতা হতে চায়, সে আমাদের কথা গুরাহ্য করে না। ১০ এই কারণে আমি ওখানে গেলে সে কি করছে তা প্রকাশ করব। সে আমাদের বিরুদ্ধে মিথ্যাভাবে মন্দ কথা বলে, কিন্তু এতেও সে খুশী নয়। এছাড়া ভাইদের সে স্বাগত জানাতে অস্বীকার করে। এমনকি যারা সেই ভাইদের সাহায্য করতে চায়, দিয়তিরফি তাদের সাহায্য করতে দেয় না, বরং তাদের মণ্ডলী থেকে বাইরে বার করে দেয়।

১১ পিয়র বন্ধু, যা কিছু মন্দ তার অনুকরণ করো না, কিন্তু যা কিছু ভাল তার অনুকরণ করো। যে ভাল কাজ করে সে ঈশ্বরের লোক, যে মন্দ কাজ করে সে ঈশ্বরকে দেখে নি।

১২ সকলেই দীর্ঘায়তিরয়ের উচ্চ প্রশংসা করে, এমনকি সত্যও তার সাক্ষী, আমরাও সেই একই কথা বলব। তুমি জান যে আমরা যা বলি তা সত্য।

১৩ তোমাকে লেখবার অনেক কথাই আমার ছিল; কিন্তু কালি কলমে তা লিখতে ইচ্ছা করে না। ১৪ আশা করি শিগিরই তোমাকে দেখব, তখন আমরা সামনা-সামনি কথাবার্তা বলব। ১৫ তোমার শান্তি হোক। তোমার সব বন্ধুরা তোমায় শুভেচ্ছা জানাচ্ছে। আমাদের বন্ধুদের প্রত্নেয়ককে শুভেচ্ছা জানিও।